

## বাংলাদেশ ২০১৩: ছড়া - ২

মোহাম্মদ আবদুর রায়ক

আপনি কি ভাই ‘শাহবাগী’? না কি ‘হেফাজতি’?  
সহজ হিসাব, এ ছড়া নাই অন্য কোন গতি।  
‘জয় বাংলা’ শ্লোগান ওঠে শাহবাগীদের ভীড়ে -  
হেফাজতি দেয় পরিচয় ‘নারায়ে তাকবীরে’।  
আপনি আমি, পথের মানুষ, আম জনতা যারা-  
সারাক্ষণই ভয়ে কাটাই, কখন যে যাই মারা।

শাহবাগের তরংণরা চায় রাজাকারের ফাঁসী,  
নিষিদ্ধ হোক জামাত-শিবিরঃ এরা সর্বনাশী।  
হেফাজতের নেতারা কয় ‘নাস্তিক, মুরতাদ  
শাহবাগীদের চড়াও ফাঁসী, না হলে বরবাদ  
হবে তোমার নির্বাচনে জয়ের আশা জেনো,  
ফটিকছড়ির মার ভুলোনা, শিক্ষা তারে মেনো।’

জামাত-শিবির, বি এন পি কয় ‘থামবে না হরতাল -  
মানুষ মরক, আগুন জ্বলুক, হোক দেশ পয়মাল’!  
সরকারী দল বলে ‘তাতে কুছ পরোয়া নাই,  
ছলে, বলে, কৌশলে হোক ভোট্টা জিততে চাই,  
ছাড়লে গদী হাল কি হবে, নয়কি সে আর জানা -  
জ্বালাও, পোড়াও যাই করোনা, কেয়ার টেকার মানা’।

জ্বলছে আমার জন্মভূমি, জ্বলছে বাংলাদেশ -  
নষ্ট নেতার নষ্ট নীতি দেশটা করে শেষ।

ঢাকা, এপ্রিল ১৭, ২০১৩